জানুয়ারী-মার্চ ২০২৬ সংখ্যা

# এনডব্লিউপিজিসিএল বার্তা

নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিঃ এর একটি ত্রৈমাসিক প্রকাশনা



## মহান স্বাধীনতা দিবস ২০২৬ উদযাপন

NORTH-WEST POWER GENERATION COMPANY LIMITED

## নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিঃ

আইএসও ৯০০১: ২০১৫, আইএসও ১৪০০১: ২০১৫ এবং আইএসও ৪৫০০১: ২০১৮ সনদপ্রাপ্ত

(বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের একটি প্রতিষ্ঠান)

# এনডব্লিউপিজিসিএল বার্তা

নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিঃ এর একটি ত্রৈমাসিক প্রকাশনা
**জানুয়ারী-মার্চ ২০২৬ সংখ্যা**

**উপদেষ্টামন্ডলী**

**এস. এম. হাবীবুর রহমান সিদ্দিক**
নির্বাহী পরিচালক (অর্থ), এনডব্লিউপিজিসিএল

**প্রকৌঃ মোঃ মোশাররফ হোসেন**
নির্বাহী পরিচালক (প্রকৌশল), এনডব্লিউপিজিসিএল

**প্রকৌঃ মোঃ সাইফুল ইসলাম**
নির্বাহী পরিচালক (পিএন্ডডি), এনডব্লিউপিজিসিএল

**মোঃ মামুনুর রহমান মন্ডল**
মহাব্যবস্থাপক (মানবসম্পদ ও প্রশাসন), এনডব্লিউপিজিসিএল

**সমন্বয়ক**
**প্রকৌঃ মুহাম্মদ সাইফুদ্দীন আহসান**
প্রধান প্রকৌশলী (পিএন্ডডি), এনডব্লিউপিজিসিএল

**প্রকাশক**
**কোম্পানি সচিবালয়, এনডব্লিউপিজিসিএল**

**সম্পাদক**
**বিমল চন্দ্র রায় এফসিএস**
কোম্পানি সচিব, এনডব্লিউপিজিসিএল

**সহকারী সম্পাদক**
**আখতার মাহমুদ**
উপ-ব্যবস্থাপক (জনসংযোগ), এনডব্লিউপিজিসিএল

**নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেড (এনডব্লিউপিজিসিএল)**
(বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের একটি প্রতিষ্ঠান)

ইউটিসি ভবন (৪র্থ তলা), ৮ পান্থপথ,
কাওরান বাজার, ঢাকা-১২১৫
**ফোন:** ৪৮১২২১৮২, ৪৮১২২১১৮, ৯১৪২০৬২
**ওয়েবসাইট:** www.nwpgcl.gov.bd
**ফেইসবুক পেইজ:**
https://www.facebook.com/NWPGCL/

## সম্পাদকীয়

নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেড নিয়মিতভাবে কোম্পানির কর্মকাণ্ডের তথ্য সকলের জ্ঞাতার্থে প্রকাশ করে আসছে। এ ধারাবাহিকতায় কোম্পানির কর্মকান্ড, সাফল্য, নতুন উদ্যোগ, বিদ্যুৎ কেন্দ্রের সংরক্ষণ কার্যক্রম এবং বিভিন্ন সংবাদ সম্বলিত একটি ত্রৈমাসিক প্রকাশনা 'এনডব্লিউপিজিসিএল বার্তা' এর ২০২৫-২০২৬ অর্থবছরের ৩য় সংখ্যা প্রকাশিত হতে যাচ্ছে। এটি কোম্পানির অন্যতম মুখপত্র হিসেবে কোম্পানির সার্বিক চিত্র সকলের নিকট তুলে ধরবে। এ সংখ্যায় কোম্পানির বিভিন্ন কার্যক্রম তুলে ধরা হয়েছে। যাতে করে জনসাধারণ অত্র কোম্পানির জনকল্যাণমূলক কর্মকাণ্ড সম্পর্কে অবহিত হতে পারে।

বিদ্যুৎ দেশের অর্থনৈতিক উন্নতির মূল চালিকাশক্তি। জিডিপি-এর প্রবৃদ্ধি এবং দেশের ক্রমবর্ধমান অর্থনীতিকে গতিশীল রাখতে টেকসই, নির্ভরযোগ্য এবং সাশ্রয়ী বিদ্যুৎ সরবরাহের প্রয়োজন। বাংলাদেশ সরকার দেশের ক্রমবর্ধমান বিদ্যুৎ চাহিদা পূরণে মিশ্র জ্বালানি (গ্যাস, কয়লা, তরল জ্বালানি, পারমাণবিক শক্তি, নবায়নযোগ্য জ্বালানি) ব্যবহারের মাধ্যমে বিদ্যুৎ খাতের উন্নয়নের লক্ষ্যে স্বল্প, মধ্য ও দীর্ঘমেয়াদি কর্মসূচী গ্রহণ করেছে। সরকারের এ সকল লক্ষ্য অর্জনে অংশীজন হিসেবে নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেড (এনডব্লিউপিজিসিএল) নিরলসভাবে কাজ করে যাচ্ছে।

সাম্প্রতিককালে বৈশ্বিক জ্বালানি সংকট মোকাবেলায় বাংলাদেশ সরকার নানান বাস্তবমুখী উদ্যোগ নিয়েছে যা প্রশংসনীয়। নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিঃ সরকারের সহযোগী হিসেবে কাজ করতে বদ্ধপরিকর। এ কারণে জ্বালানি সংকট সত্ত্বেও নানামুখী পরিকল্পনার মাধ্যমে বিদ্যুৎ উৎপাদন অব্যাহত রেখেছে অত্র কোম্পানি। 'এনডব্লিউপিজিসিএল বার্তা' নিয়মিতভাবেই কোম্পানির কর্মকাণ্ড ও অগ্রগতির চিত্র জনগণের সামনে তুলে ধরবে। মহান বিজয়ের এ মাসে এনডব্লিউপিজিসিএল বার্তা এর ২০২৫-২০২৬ অর্থবছরের ৩য় সংখ্যা প্রকাশের সুযোগ পেয়ে আমরা আনন্দিত ও গর্বিত। স্বাধীনতা ঘোষণার এ মাসে স্বাধীনতা অর্জনে সকল শহীদদের বিনম্র শ্রদ্ধায় স্মরণ করছি। সকলকে শুভেচ্ছা।

**সম্পাদক**
বিমল চন্দ্র রায় এফসিএস
কোম্পানি সচিব, এনডব্লিউপিজিসিএল

# স্বাগত বক্তব্য



প্রকৌ. হাসিবুল হাসান, ব্যবস্থাপনা পরিচালক, এনডব্লিউপিজিসিএল

আমি অত্যন্ত আনন্দিত যে মহান বিজয়ের এ মাসে নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিঃ কর্তৃক ২০২৫-২৬ অর্থ বছরে 'এনডব্লিপিজিসিএল বার্তা' এর ৩য় সংখ্যা কোম্পানির ওয়েবসাইটে প্রকাশিত হতে যাচ্ছে। উক্ত প্রকাশনায় কোম্পানির হালনাগাদ কারিগরি এবং অ-কারিগরি তথ্য তুলে ধরা হয়েছে। নিয়মিত কার্যক্রমের পাশাপাশি কোম্পানির অর্জন, সাফল্যের চিত্র সংক্রান্ত কার্যক্রমের সংবাদ জনগণের সুবিধার্থে প্রকাশ করা হয়ে থাকে এই ত্রৈমাসিক প্রকাশনায়। 'এনডব্লিপিজিসিএল বার্তা'র মাধ্যমে কোম্পানির সকল স্তরের কর্মকর্তা-কর্মচারিগণসহ বিভিন্ন অংশীজন অবাধ তথ্য গ্রহণের মাধ্যমে উপকৃত হবেন। এ ধরনের কার্যক্রমের ফলে একদিকে যেমন জ্ঞানের ভান্ডার সমৃদ্ধ হবে অন্যদিকে জনগণের নিকট কোম্পানির ভাবমূর্তি উজ্জ্বল হবে। এছাড়া, এ প্রকাশনার ফলে বিদ্যুৎ বিভাগ, বিদ্যুৎ জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের আওতাধীন বিভিন্ন দপ্তর অত্র কোম্পানি সম্পর্কে সহজেই প্রয়োজনীয় তথ্য পাবে বলে আশা করি।

পরিশেষে, আমি 'এনডব্লিপিজিসিএল বার্তা' এর অব্যাহত অগ্রযাত্রা ও সফলতা কামনা করছি এবং একই সাথে সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করছি।

# সূচীপত্র

কোম্পানি পরিচিতি ৪

এক নজরে কোম্পানির বিদ্যুৎ কেন্দ্রসমূহ - ৫

স্বাধীনতা দিবস ২০২৬ উদযাপন - ৬

আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২৬ উদযাপন - ৭

নবনিযুক্ত মাননীয় বিদ্যুৎ মন্ত্রী ও প্রতিমন্ত্রীকে শুভেচ্ছা জ্ঞাপন - ৮

মাননীয় বিদ্যুৎ মন্ত্রী-এর সিরাজগঞ্জ ৬৮ মে:ও: সোলার পার্ক পরিদর্শন  ৯

শীতার্ত ও অসহায় পরিবারের মাঝে কম্বল বিতরণ কার্যক্রম - ১০

ঈদ-উল-ফিতর উপলক্ষে ২০২৬ উপলক্ষে অসহায় পরিবারের মাঝে খাদ্য বিতরণ - ১১

সিরাজগঞ্জ বিদ্যুৎ কেন্দ্র (ইউনিট ১)-এর সংরক্ষণ ও রক্ষণাবেক্ষণ কার্যক্রম ১১

ভেড়ামারা ৪১০ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্রের সংরক্ষণ ও রক্ষণাবেক্ষণ কার্যক্রম - ১৪

# কোম্পানি পরিচিতি

দেশের উত্তর-পশ্চিমাঞ্চলের ক্রমবর্ধমান বিদ্যুৎ চাহিদা পূরণ এবং লো-ভোল্টেজ সমস্যা নিরসনকল্পে বিদ্যুৎ খাত সংস্কারের আওতায় কোম্পানি আইন, ১৯৯৪ অনুসারে গত ২৮-০৮-০৭ ইং তারিখে বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের একটি প্রতিষ্ঠান হিসেবে নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেড (এনডব্লিউপিজিসিএল) গঠিত হয়। সিরাজগঞ্জ ১৫০ মেঃওঃ ও খুলনা ১৫০ মেঃওঃ পিকিং পাওয়ার প্লান্ট নির্মাণ প্রকল্প এবং ভেড়ামারা ৩৬০ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র উন্নয়ন প্রকল্প নিয়ে কোম্পানি প্রাথমিকভাবে যাত্রা শুরু করে।

কোম্পানি বিদ্যুৎ উৎপাদন আরম্ভ করে ০৩ নভেম্বর ২০১২ তারিখে। বর্তমানে ১১ (এগার) টি বিদ্যুৎ কেন্দ্রের নেট উৎপাদন ক্ষমতা ৩১৯৫.৬৮মেঃওঃ। অল্প সময়ে কোম্পানির এরূপ আশাতীত সাফল্য সকল মহলেই প্রশংসিত হয়েছে। নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিঃ গঠিত হবার পর থেকেই বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ প্রকল্প বাস্তবায়নে এবং বিদ্যুৎ কেন্দ্র পরিচালন ও সংরক্ষণে অনবদ্য ভূমিকা পালন করে আসছে।

এছাড়া, কোম্পানিটি দ্রুততম সময়ে শক্তিশালী ব্রান্ড ইমেজসহ দেশের নেতৃত্বশীল বিদ্যুৎ উৎপাদনকারী সংস্থায় পরিগণিত হবে বলে আশা করা যায়।

প্রতিষ্ঠানটির বর্তমান চেয়ারম্যান জনাব মোহাম্মদ সাইফুল ইসলাম, সচিব, জ্বালানি ও খনিজসম্পদ বিভাগ বিভাগ এবং ব্যবস্থাপনা পরিচালক হিসেবে দায়িত্ব পালন করছেন প্রকৌশলী হাসিবুল হাসান।

# এক নজরে কোম্পানির বিদ্যুৎ কেন্দ্রসমূহ

| ক্র. নং | বিদ্যুৎ কেন্দ্রের নাম | জ্বালানি | নেট উৎপাদন ক্ষমতা (মেঃওঃ) | বাণিজ্যিকভাবে বিদ্যুৎ উৎপাদনের তারিখ |
|---|---|---|---|---|
| ১ | সিরাজগঞ্জ ২২৫ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র (১ম ইউনিট) | প্রাকৃতিক গ্যাস/এইচএসডি | ২১৪ | সিম্পল সাইকেল: নভেম্বর ২০১২<br>কম্বাইন্ড সাইকেল: জুলাই ২০১৪ |
| ২ | খুলনা ২২৫ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র | প্রাকৃতিক গ্যাস/এইচএসডি | ২৩০ | সিম্পল সাইকেল:সেপ্টেম্বর ২০১৩<br>কম্বাইন্ড সাইকেল: জুন ২০১৬ |
| ৩ | ভেড়ামারা ৪১০ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র | প্রাকৃতিক গ্যাস/এইচএসডি | ৪১০ | সিম্পল সাইকেল: মে ২০১৭<br>কম্বাইন্ড সাইকেল: ডিসেম্বর ২০১৭ |
| ৪ | সিরাজগঞ্জ ২২৫ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র (২য় ইউনিট) | প্রাকৃতিক গ্যাস/এইচএসডি | ২২০ | ফেব্রুয়ারী ২০১৮ |
| ৫ | সিরাজগঞ্জ ২২৫ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র (৩য় ইউনিট) | প্রাকৃতিক গ্যাস/এইচএসডি | ২২০ | সিম্পল সাইকেল: আগস্ট ২০১৮<br>কম্বাইন্ড সাইকেল: জানুয়ারী ২০১৯ |
| ৬ | মধুমতি ১০০ মেঃওঃ এইএফও চালিত বিদ্যুৎ কেন্দ্র | এইচএফও | ১০৫ | এপ্রিল ২০১৯ |
| ৭ | সিরাজগঞ্জ ৪০০ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র (৪র্থ ইউনিট) (যৌথ মালিকানা) | প্রাকৃতিক গ্যাস/এইচএসডি | ৪১৪ | সিম্পল সাইকেল: অক্টোবর ২০১৮<br>কম্বাইন্ড সাইকেল: এপ্রিল, ২০১৯ |
| ৮ | পায়রা ১৩২০ মেঃওঃ তাপ বিদ্যুৎ কেন্দ্র (১ম পর্যায়) (যৌথ মালিকানা) | কয়লা | ১২৪৪ | ১ম ইউনিটঃ মে, ২০২০<br>২য় ইউনিটঃ ডিসেম্বর, ২০২০ |
| ৯ | সিরাজগঞ্জ ৬.৫৫ মেঃওঃ (এসি) গ্রীড কানেক্টেড ফটোভোল্টায়িক সোলার বিদ্যুৎ কেন্দ্র | --- | ৬.১৩ | ৩০ মার্চ ২০২১ |
| ১০ | সিরাজগঞ্জ ৬৮ মেঃওঃ সোলার পার্ক (যৌথ মালিকানা) | --- | ৬৮ | **সেপ্টেম্বর ২০২৪** |
| ১১ | পাবনা ৬৪ মেঃওঃ সোলার পার্ক (যৌথ মালিকানা) | --- | ৬৪.৫৫ | **আগস্ট ২০২৫** |
| | **বর্তমানে মোট নেট উৎপাদন ক্ষমতা** | | **৩১৯৫.৬৮ মেঃওঃ** | |

# স্বাধীনতা দিবস ২০২৬ উদযাপন

২৬শে মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উপলক্ষে নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিঃ এর আওতাধীন বিদ্যুৎ কেন্দ্রের পক্ষ থেকে জাতির শ্রেষ্ঠ সন্তান শহীদদের প্রতি পুষ্পস্তবক অর্পণ ও তাঁদের জন্য দোয়া মাহফিল আয়োজনের মাধ্যমে গভীর শ্রদ্ধা জ্ঞাপন করা হয়।









# আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২৬ উদযাপন

নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিঃ এর বিদ্যুৎ কেন্দ্র সমূহে যথাযোগ্য মর্যাদায় মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২৬ উদযাপন করা হয়।









# নবনিযুক্ত মাননীয় বিদ্যুৎ মন্ত্রী ও প্রতিমন্ত্রীকে শুভেচ্ছা জ্ঞাপন

নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিঃ এর পক্ষ থেকে ব্যবস্থাপনা পরিচালক, জনাব হাসিবুল হাসান মহোদয় নবনিযুক্ত মাননীয় মন্ত্রী, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, জনাব ইকবাল হাসান মাহমুদ মহোদয় এবং মাননীয় প্রতিমন্ত্রী, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, জনাব অনিন্দ্য ইসলাম অমিত মহোদয়কে অভিনন্দন জানান।





# বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের মন্ত্রী মহোদয়ের সিরাজগঞ্জ ৬৮ মে:ও: সোলার পার্ক পরিদর্শন

মাননীয় মন্ত্রী, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, জনাব ইকবাল হাসান মাহমুদ মহোদয় ২৭-০৩-২০২৬ তারিখে নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিঃ (এনডব্লিউপিজিসিএল) ও সিএমসি, চায়না এর যৌথ উদ্যোগে গঠিত বাংলাদেশ চায়না রিনিউয়েবল এনার্জি কোম্পানি লিমিটেড (বিসিআরইসিএল)-এর আওতায় নির্মিত সিরাজগঞ্জ ৬৮ মে:ও: সোলার পার্ক পরিদর্শন করেন। উক্ত পরিদর্শন শেষে মন্ত্রী মহোদয় বিসিআরইসিএল-এর কর্মকর্তাগণের সাথে মতবিনিময় করেন এবং তাঁকে সম্মাননা স্মারক প্রদান করা হয়।

এ সময় এনডব্লিউপিজিসিএল এর ব্যবস্থাপনা পরিচালক প্রকৌশলী হাসিবুল হাসান, সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেডের চেয়ারম্যান মো. শাহ আলম, জেলা প্রশাসক মো. আমিনুল ইসলাম, পুলিশ সুপার সাইফুল ইসলাম সানতু, প্রকল্প পরিচালক তানবীর রহমানসহ কোম্পানির অন্যান্য কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।









# শীতার্ত ও অসহায় পরিবারের মাঝে কম্বল বিতরণ কার্যক্রম

নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেড এর আওতাধীন বিদ্যুৎ কেন্দ্রসমূহ কর্তৃক সরকারের দায়িত্বশীল কর্তৃপক্ষের সহায়তায় বিদ্যুৎ কেন্দ্রগুলোর পার্শ্ববর্তী শীতার্ত, দরিদ্র ও অসহায় ২৪০০ (দুই হাজার চারশত) মানুষের মধ্যে কম্বল বিতরণ করা হয়।

সরকারের দায়িত্বশীল কর্তৃপক্ষের পক্ষ থেকে নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিঃ-এর সংশ্লিষ্ট সকলকে এমন একটি মহতি উদ্যোগ গ্রহণ করার জন্য ধন্যবাদ জ্ঞাপন করা হয় এবং সমাজের সকল শ্রেণির সামর্থ্যবান ব্যক্তিদের শীতার্ত ও অসহায় মানুষের পাশে এভাবে এগিয়ে আসার আহ্বান জানানো হয়।

উল্লেখ্য, নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিঃ বিদ্যুৎ উৎপাদনের পাশাপাশি কর্পোরেট সামাজিক দায়বদ্ধতার অংশ হিসেবে বিভিন্ন সময়ে বিদ্যুৎ কেন্দ্রের পাশ্ববর্তী এলাকার অসহায় ও দরিদ্র জনবলকে বিভিন্ন ধরণের সহায়তা প্রদান করে আসছে।












# ঈদ-উল-ফিতর উপলক্ষে ২০২৬ উপলক্ষে অসহায় পরিবারের মাঝে খাদ্য বিতরণ

ঈদ-উল-ফিতর উপলক্ষে ২০২৬ উপলক্ষে নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেড এর আওতাধীন বিদ্যুৎ কেন্দ্রসমূহ কর্তৃক সরকারের দায়িত্বশীল কর্তৃপক্ষের সহায়তায় বিদ্যুৎ কেন্দ্রগুলোর পার্শ্ববর্তী এলাকায় দরিদ্র ও অসহায় ১৭৫০ (একহাজার সাতশত পঞ্চাশ) টি পরিবারের মধ্যে উপহার হিসেবে খাদ্য সামগ্রী বিতরণ করা হয়।

উল্লেখ্য, নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিঃ বিদ্যুৎ উৎপাদনের পাশাপাশি কর্পোরেট সামাজিক দায়বদ্ধতার অংশ হিসেবে বিভিন্ন সময়ে বিদ্যুৎ কেন্দ্রের পাশ্ববর্তী এলাকার অসহায় ও দরিদ্র জনবলকে বিভিন্ন ধরণের সহায়তা প্রদান করে আসছে।











# সিরাজগঞ্জ বিদ্যুৎ কেন্দ্র (ইউনিট ১)-এর সংরক্ষণ ও রক্ষণাবেক্ষণ কার্যক্রম

## ১.১ - ST হাইড্রলিক অয়েল পাম্প মেজর ওভারহলিং:

ST হাইড্রলিক পাম্প, যা স্টিম টারবাইনের কন্ট্রোল ভাল্বসমূহ অপারেশনে ব্যবহৃত হয় তাতে এবনর্মাল সাউন্ড থাকায় পুরো পাম্পের মেজর ওভারহলিং সম্পাদন করা হয়। উক্ত কাজের কিছু স্থিরচিত্র এতদ্‌সাথ সংযুক্ত করা হলো:



চিত্র ১.১.১: পাম্প ডিসম্যান্টল অবস্থায়।



চিত্র ১.১.২: গিয়ারবক্স এসেম্বল করা হচ্ছে।



চিত্র ১.১.৩: পাম্প সিস্টেমে লাগানো হচ্ছে।

## ১.২ - স্টিম টারবাইন বিয়ারিং-এর লুব অয়েল লাইনের স্ট্রেইনার পরিষ্কারকরণ:

স্টিম টারবাইন বিয়ারিং-এর লুব অয়েল লাইনের ৪টা স্ট্রেইনার, যেগুলো বিয়ারিং-এ ময়লা যাওয়া রোধ করে সেগুলো পরিষ্কার করা হয়। উক্ত কাজের কিছু স্থিরচিত্র এতদ্‌সাথ সংযুক্ত করা হলো:



চিত্র ১.২.১: স্ট্রেইনার পরিষ্কার করা হচ্ছে।



চিত্র ১.২.২: স্ট্রেইনার পরিষ্কারের পরের অবস্থা।

## ১.৩ - স্টীম টারবাইন কেমিক্যাল ডোজিং সিস্টেমের গিয়ারবক্স মেরামত:

স্টীম টারবাইন কেমিক্যাল ডোজিং সিস্টেমের গিয়ারবক্স এ এবনর্মাল সাউন্ড থাকায় তা মেরামত করা হয়। উক্ত কাজের কিছু স্থিরচিত্র এতদ্‌সাথ সংযুক্ত করা হলো:





চিত্র ১.৩.১: গিয়ারবক্স ডিসম্যান্টল করা হচ্ছে।



চিত্র ১.৩.২: গিয়ারবক্স সিস্টেমে লাগানো হচ্ছে।

## ১.৪- কনডেন্সার রাবার বল ক্লিনিং সিস্টেম ক্লিনিং:

কনডেনসার অনলাইন রাবার বল ক্লিনিং সিস্টেমে রাবার বল জমা হয়ে সিস্টেমের কার্যকারিতা নষ্ট হওয়ায়, তা পরিষ্কার করে কার্যক্ষম করা হয়। উক্ত কাজের কিছু স্থিরচিত্র এতদ্‌সাথ সংযুক্ত করা হলো:



চিত্র ১.৪.১: পরিষ্কার করা হচ্ছে।



চিত্র ১.৪.২: পরিষ্কারের পরের অবস্থা।

## ভেড়ামারা ৪১০ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্রের সংরক্ষণ ও রক্ষণাবেক্ষণ কার্যক্রম

১। ভেড়ামারা বিদ্যুৎকেন্দ্রের HP Control Valve-01 & 02 এর Isolation valve সমূহে পাসিং রয়েছে এ সংক্রান্ত Fault পরিচালন বিভাগ থেকে ইস্যু করা হয়। পরবর্তিতে প্লান্ট বন্ধ অবস্থায় উক্ত ভালব সমূহের মেরামত কার্যক্রম পরিচালনা করা হয় এবং ভালব দুটির ক্রুটিযুক্ত বুশ, গ্যাসকেট ও একটির ভালব স্টেম পরিবর্তন করে দেওয়া হয়।



চিত্র ১.১: মেরামত কাজের জন্য HP Control Valve-01 & 02 এর Isolation valve উত্তোলনের।



চিত্র.১.২: ভালবের বিভিন্ন যন্ত্রাংশসমূহ।

২। ভেড়ামারা বিদ্যুৎকেন্দ্রের HRSG সিস্টেমের বিভিন্ন Spring loaded Sefety valve সমূহে নিয়মিত রক্ষনাবেক্ষনের অংশ হিসেবে Pop-up test এর বাধ্যবাধকতা রয়েছে। সেই প্রেক্ষিতে HRSG সিস্টেমের বিভিন্ন Sefety valve সমূহ Pop-Up Test পরিচালনা করা হয় এবং টেষ্ট শেষে নির্ধারিত প্রেসার সেটিং ভালবগুলোতে সেট করে দেওয়া হয়।



চিত্র-২.১ : Sefety valve সমূহের Pop-Up Test.



চিত্র-২.২ : টেস্টিং মেশিনের সাথে ভালবের কানেকশন।

৩। ভেড়ামারা বিদ্যুৎকেন্দ্রের Water Treatment Plant এর এসিড ডোজিং সিস্টেমের Ejector ক্ষয়প্রাপ্ত হওয়ায় ঠিক মত ডোজিং কার্যক্রম পরিচালনা করা যাচ্ছিল না। পরবর্তিতে নতুন একটি Ejector ওয়ার্কসপ এ ফেব্রিকেশন করে এসিড ডোজিং সিস্টেমে প্রতিস্থাপন করা হয়। বর্তমানে উক্ত Ejector দিয়ে সুষ্ঠুরূপে এসিড ডোজিং কার্যক্রম পরিচালনা করা হচ্ছে। এছাড়া, নিয়মিত রক্ষনাবেক্ষনের অংশ হিসেবে GT Lube Oil System এর Vapor Extractor Fan এর সিডিউল মেইন্টেনেন্স সম্পন্ন করা হয়।



চিত্র-৩.১ : এসিড ডোসিং সিস্টেমের Ejector Fabrication work.




চিত্র-৩.২ : GT Lube Oil System এর Vapor Extractor Fan-B এর মেরামত কার্যক্রম।

৪। OTM পদ্ধতিতে ক্রয়কৃত নতুন CCW Pump Motor-B (6.6KV, 300KW) প্ল্যান্টে স্থাপন করা হয়।প্রথমে ত্রুটিযুক্ত পুরাতন মোটরটি বিচ্ছিন্ন করে নিরাপদভাবে অপসারণ করা হয়। এরপর মোটরের ফাউন্ডেশন ও বেস ফ্রেম পরিষ্কার ও পরিদর্শন করা হয়। নতুন মোটরটি নির্ধারিত স্থানে স্থাপন করে পাম্পের সাথে সঠিক অ্যালাইনমেন্ট করা হয়। পরবর্তীতে 6.6KV পাওয়ার কেবল সংযোগ, আর্থিং এবং প্রয়োজনীয় টাইটনেস চেক সম্পন্ন করা হয়। সবশেষে মোটরটি পরীক্ষা করে CCW Pump-B সিস্টেমের স্বাভাবিক কার্যক্রম নিশ্চিত করা হয়।






চিত্র-৪ : OTM পদ্ধতিতে ক্রয়কৃত নতুন CCW Pump Motor-B (6.6KV, 300KW)-এর স্থাপন (Installation) কার্যক্রম

৫। রক্ষণাবেক্ষণের শুরুতে প্রতিটি ব্যাটারির ভিজুয়াল ইন্সপেকশন করে টার্মিনাল, সংযোগ এবং ব্যাটারির বাহ্যিক অবস্থা পরীক্ষা করা হয়। এরপর ব্যাটারির ইলেক্ট্রোলাইটের স্পেসিফিক গ্রাভিটি পরিমাপ করে চার্জের অবস্থা যাচাই করা হয়। পরবর্তীতে প্রতিটি ব্যাটারির টেম্পারেচার পরিমাপ করে স্বাভাবিক অপারেটিং অবস্থায় আছে কিনা তা নিশ্চিত করা হয়। ব্যাটারি টার্মিনাল, সংযোগস্থল এবং আশেপাশের অংশ পরিষ্কার (Cleaning) করে ধুলো-ময়লা ও করোশন অপসারণ করা হয়। সবশেষে প্রয়োজনীয় ডাটা রেকর্ড করে ব্যাটারি ব্যাংকের সঠিক কার্যক্ষমতা ও নিরাপদ অপারেশন নিশ্চিত করা হয়।





চিত্র-৫ : GT Control Package-এর Battery সমূহের নির্ভরযোগ্য কার্যকারিতা নিশ্চিত করার জন্য বার্ষিক রক্ষণাবেক্ষণ কার্যক্রম ।

৬। Cooling Tower Fan Motor-8 এর নিরবচ্ছিন্ন ও নিরাপদ কার্যকারিতা নিশ্চিত করার জন্য বার্ষিক রক্ষণাবেক্ষণ কার্যক্রম সম্পন্ন করা হয়। প্রথমে মোটরের বাহ্যিক অবস্থা, সংযোগ এবং মাউন্টিং অংশসমূহ ইন্সপেকশন এর মাধ্যমে পরীক্ষা করা হয়, এরপর মোটরের টার্মিনাল ও কেবল সংযোগের টাইটনেস ও কন্ডিশন যাচাই করা হয়। মোটরের উইন্ডিং এর অবস্থা নির্ধারণের জন্য ইনসুলেশন রেজিস্ট্যান্স (IR) পরীক্ষা সম্পন্ন করা হয়। প্রয়োজনীয় ক্ষেত্রে মোটরের আর্থিং সংযোগ ও রেজিস্ট্যান্স পরীক্ষা করা হয়। সবশেষে মোটর ও আশেপাশের অংশ পরিষ্কার করে মোটরের স্বাভাবিক ও নিরাপদ অপারেশন নিশ্চিত করা হয়।







চিত্র-৬: **Cooling Tower Fan Motor-8-এর বার্ষিক রক্ষণাবেক্ষণ কার্যক্রম ।**

৭। ভেড়ামারা ৪১০ মেঃওঃ সিসিপিপির Cooling Tower Fan-4 এর Lube Oil Limit Switch টি ত্রুটিপূর্ণ হয়ে পড়ায় তা সাশ্রয়ী মূল্যের Limit Switch দিয়ে Modification করে প্রতিস্থাপন করা হয়েছে।। এছাড়া নতুন ক্রয়কৃত CCW মোটরের Vibration sensor, RTD প্রভৃতি ইন্সট্রুমেন্টের সংযোগ দেয়ার মাধ্যমে মোটরটি চালু করা হয়েছে।



চিত্র-৭.১ : Cooling Tower Fan-4 এর Lube Oil Limit Switch পরিবর্তন করা হচ্ছে।



চিত্র-৭.২ : CCW মোটরের ইন্সট্রুমেন্টসমূহের সংযোগ প্রদান করা হচ্ছে ।

৮। বিদ্যুৎ কেন্দ্রের Ambient Air Quality Monitoring System (AAQMS) – এ Ambient Pressure transmitter স্থাপন করা হয়েছে। এছাড়া HRSG IP Control Valve-2 এর Actuator এর Hunting ত্রুটি দেখা দিলে তা ঠিক করা হয়েছে।




চিত্র-৮.১ : Ambient Pressure transmitter স্থাপন করা হয়েছে।



চিত্র-৮.২ : HRSG IP Control Valve-2 এর Actuator এর Hunting ত্রুটি সারানো হচ্ছে।

অত্র এনডব্লিউপিজিসিএল বার্তায় জানুয়ারী-মার্চ ২০২৬ তারিখের মধ্যে সংঘটিত কোম্পানির গুরুত্বপূর্ণ কার্যাবলীর সচিত্র তথ্যাবলী সকলের সদয় অবগতির জন্য প্রকাশ করা হলো। তথ্যের অবাধ প্রবাহ সুনিশ্চিত করতে ও কোম্পানির কার্যক্রম সম্পর্কে সকলকে অবহিত করতে এ ত্রৈমাসিক প্রকাশনা অনন্য ভূমিকা পালন করবে বলেই আমাদের বিশ্বাস। সকলের আগ্রহের প্রেক্ষিতে ভবিষ্যতেও ‘এনডব্লিউপিজিসিএল বার্তা’ প্রকাশিত হবে।

উল্লেখ্য, এখানে প্রকাশিত যাবতীয় তথ্যাদির মালিকানা নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিঃ তথা বাংলাদেশ সরকারের। এখানে ব্যবহৃত তথ্যাদি/ছবি শুধুমাত্র সকলকে অবহিত করার জন্য প্রকাশিত হয়েছে। এর বাইরে এ সকল তথ্যাদি ও ছবি বিনাঅনুমতিতে ব্যবসায়িক কাজে ব্যবহারের নিমিত্ত কোনোরূপ মুদ্রণ বা প্রতিলিপি তৈরি করা যাবে না বা অন্য কোনো প্রকাশনায় ব্যবহার করা যাবে না।